


# হিরেন বুটসিডি ১৩.১

**মোহাম্মদ ইশতিয়াক জাহান**

কমপিউটার ব্যবহারকারীদের প্রায় সময় বিভিন্ন ভাইরাসে আক্রান্ত হতে হয় বা ভাইরাসের কারণে ফাইল মিসিং ঘটে থাকে। ফলে কমপিউটার চালু করার পর বুটিংয়ের সময় ফাইল মিসিং দেখায় এবং কমপিউটার চালু হয় না। কিছু ব্যবহারকারী রয়েছেন, যারা এসব ফাইল রিকভার করে কমপিউটারকে আবার চালু করতে সক্ষম হন। আবার কিছু ব্যবহারকারী রিকোভারি ডিস্ক দিয়ে রিকোভার করে থাকেন। কিন্তু বেশিরভাগ কমপিউটার ব্যবহারকারীকে এই সমস্যা মোকাবেলায় বিপাকে পড়তে হয়। এরা নতুন করে উইন্ডোজ সেটআপ দিয়ে থাকেন বা উইন্ডোজ রি-ইনস্টল করেন। ফলে তাদের উইন্ডোজ সি ড্রাইভে, ডেস্কটপ, মাই ডকুমেন্টে যেসব জরুরি ফাইল থাকে তা আর ব্যাকআপ দেয়া হয় না। তাই জরুরি ফাইল হারাতে হয় নতুন করে উইন্ডোজ ইনস্টল করায়। কিন্তু সমস্যা আরো বেড়ে যায় যখন জরুরি কাজ করার সময় উইন্ডোজ নতুন করে ইনস্টল করতে হয়, সেক্ষেত্রে আবার নতুন করে ব্যবহারের জন্য প্রয়োজনীয় সফটওয়্যারগুলোকে আবার ইনস্টল করতে হয়। সেক্ষেত্রে অনেক সময় নষ্ট হয়ে থাকে। এ ধরনের নানান সমস্যা থেকে মুক্তি পাওয়ার জন্য এবারের সংখ্যায় হিরেন বুটসিডি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে, যা আপনাকে এই সমস্যা থেকে শুরু করে নানান ধরনের সমস্যার সমাধান দিয়ে থাকবে।

হিরেন বুটসিডি একটি অসাধারণ বুটেবল সিডি ইমেজ, যার ভেতর অল ইন ওয়ান হিসেবে নানা ধরনের প্রয়োজনীয় সফটওয়্যার বুটেবল অবস্থায় থাকে। কমপিউটারের বিভিন্ন সমস্যায় এসব সফটওয়্যার বুট করে ব্যবহার করতে পারেন। এই সিডি ইমেজ ইন্টারনেট থেকে ফ্রি ডাউনলোড করে একটি ব-্লাঙ্ক ডিস্কে রাইট করে নিয়ে ব্যবহার করতে পারবেন। হিরেন বুটসিডি ডাউনলোড করার জন্য ভিজিট করুন www.hiren.info

বর্তমানে হিরেন বুটসিডি ১৩.১ ভার্সনটি ইন্টারনেট থেকে ফ্রি ডাউনলোড করে ব্যবহার করতে পারেন। এই সিডি ইমেজটি নিয়মিত আপগ্রেড করা হয়ে থাকে। ফলে ব্যবহার করার আগে দেখে নিন কী ধরনের টুল এখানে পাচ্ছেন। হিরেন বুটসিডিতে পাচ্ছেন অ্যান্টিভাইরাস টুল, ব্যাকআপ টুল, বায়োস/সিমস টুল, ব্রাউজার/ফাইল ম্যানেজার, ক্লিনারস, এডিটর/ভিউয়ার, ফাইল সিস্টেম টুল, হার্ডডিস্ক টুল, এমবিআর টুল, এমএসডস টুল, নেটওয়ার্ক টুল, অপটিমাইজার, পার্টিশন টুল, পাসওয়ার্ড টুল, প্রসেস টুল, রিকোভারি টুল, রেজিস্ট্রি টুল, রিমোট কন্ট্রোল টুল, স্টার্টআপ টুল, সিস্টেম ইনফরমেশন টুল, টেস্টিং টুল, টুইকার ও অন্য টুলগুলোর নামের টাইটেলের প্রতিটিতে অনেক টুল রয়েছে। এত সব টুল নিয়ে এই সিডি ইমেজের সাইজ ৩৬২ মেগাবাইট। আপনি পুরনো ভার্সন ব্যবহার করলে আরো কম সাইজের মধ্যে এই টুলটি পাবেন, যা ব্যবহার করে বেশ কিছু উল-েখযোগ্য সমস্যার সমাধান করতে পারেন খুব সহজেই। নিচে কিছু উল-েখযোগ্য সমস্যার সমাধান দেয়া হয়েছে :




০১. উইন্ডোজ ব্যাকআপ ও রিস্টোর : ভাইরাসের কারণে ফাইল মিসিং হলে বা কমপিউটারের উইন্ডোজ চালু হলে প্রায় সময় কমপিউটারে নতুন করে উইন্ডোজ সেটআপ দিয়ে সব সফটওয়্যার ইনস্টল করতে হয়। সেক্ষেত্রে দেখা যায় ৭ থেকে ৯ ঘণ্টা সময় অপচয় হয়। কিন্তু হিরেন বুটসিডি ব্যবহার করে এই সমস্যা থেকে মুক্তি পেতে পারেন। এর জন্য প্রথমে কমপিউটারে উইন্ডোজ সেটআপ দিন। যদি ভাইরাস ফ্রি উইন্ডোজ সেটআপ থাকে তাতেও চলবে। এবার একটি অ্যান্টিভাইরাস ইনস্টল করে ইন্টারনেট থেকে অ্যান্টিভাইরাসটি আপডেট করুন এবং কমপিউটারে ব্যবহার করার সব ড্রাইভার ও সফটওয়্যার ইনস্টল করুন। এবার হিরেন বুটসিডি ব্যবহার করে আপনার সফটওয়্যারসহ পুরো উইন্ডোজের ড্রাইভটি অন্য একটি ড্রাইভে ব্যাকআপ করে রাখুন।

উইন্ডোজ যদি পরে ভাইরাস আক্রান্ত হয় বা কোনো ফাইল মিসিং হয় বা উইন্ডোজে অন্য কোনো সমস্যা দেখা দেয়, তখন হিরেন বুটসিডি থেকে কমপিউটারকে বুট করে ব্যাকআপ রাখা উইন্ডোজের ব্যাকআপ ফাইলটি রিস্টোর করে নিন। ব্যাকআপের সময় ২০ থেকে ৪০ মিনিট লাগতে পারে, যা কমপিউটারে ইনস্টল করা উইন্ডোজ ও সফটওয়্যারের সাইজের ওপর নির্ভর করবে। সম্ভব হলে এই ব্যাকআপটি ডিভিডিতে রাইট করে রাখুন। তবে মনে রাখবেন, রিস্টোর করার পর অবশ্যই অ্যান্টিভাইরাসটি ইন্টারনেট থেকে আপডেট করে নেবেন। এই কাজটি করার ফলে মাত্র ২০-৪০ মিনিটের মাঝে ভাইরাস ফ্রি উইন্ডোজ ও সফটওয়্যারগুলো পেয়ে যাবেন যা নতুন করে উইন্ডোজ ইনস্টল করে সফটওয়্যার ইনস্টল করা থেকে অনেক সময় বেঁচে যাবে। হিরেন বুটসিডি ব্যবহার করে উইন্ডোজ ব্যাকআপ ও রিস্টোর করার পদ্ধতি জানার জন্য মেইল করুন অথবা ইন্টারনেটে সার্চ করতে পারেন।

০২. উইন্ডোজ এক্সপি মিনি : হিরেন বুটসিডির সাথে পাচ্ছেন মিনি উইন্ডোজ ৯৮ এবং মিনি উইন্ডোজ এক্সপি। ফলে আপনার কমপিউটারের উইন্ডোজ কোনো কারণে না চলে থাকলে হিরেন বুটসিডি দিয়ে কমপিউটারকে চালু করুন। হিরেন বুটসিডি, মিনি উইন্ডোজ ৯৮, মিনি উইন্ডোজ এক্সপি নামে তিনটি অপশন দেখতে পাবেন। আপনার অপারেটিং সিস্টেমের ওপর নির্ভর করে উইন্ডোজ ৯৮ বা এক্সপি সিলেক্ট করতে পারেন। উইন্ডোজের এই মিনি ভার্সন সিলেক্ট করার ফলে আপনার মনিটরের স্ক্রিনে উইন্ডোজের ৯৮ বা এক্সপির একটি ভার্সন চালু হয়েছে দেখবেন। এখন এই উইন্ডোজ থেকে মাই কমপিউটারে প্রবেশ করে সি-ড্রাইভে বা যে ড্রাইভে উইন্ডোজ সেটআপ করা ছিল, সে ড্রাইভে প্রবেশ করুন। এই ড্রাইভ থেকে আপনার প্রয়োজনীয় ফাইলগুলো ব্যাকআপ নিয়ে নিন। ফলে আপনার জরুরি ফাইলগুলো হারানোর হাত থেকে রক্ষা করতে পারবেন।

০৩. অ্যান্টিভাইরাস ও স্পাইওয়্যার টুল : হিরেন বুটের সাথে বিল্ট-ইন অবস্থায় অ্যাভাইরা অ্যান্টিভির পার্সোনাল এডিশন, ড. ওয়েব কিউরআইটি অ্যান্টিভাইরাস টুলসহ নানান ধরনের অ্যান্টিভাইরাস টুল এবং স্পাইওয়্যার টুল হিসেবে পাচ্ছেন স্পাইবট, স্পাইওয়্যার ব-াস্টার নামের স্পাইওয়্যার টুলসহ নানান ধরনের স্পাইওয়্যার টুল।

০৪. অন্যান্য প্রয়োজনীয় টুল : উপরে প্রথম দিকে বলা হয়েছে কী, ধরনের টুলের সমন্বয়ে এই টুলটিকে সাজানো হয়েছে। এই বুটেবল সিডির সাথে পাচ্ছেন অপেরা ওয়েব ব্রাউজার, টোটাল কমান্ডার, ভার্চুয়াল ফ্লপি ড্রাইভ, বুট পার্টিশন, এক্সপি টিসিপি/আইপি রিপেয়ার, মিনি লিনআক্স, টিম ভিউয়ারসহ আরো বেশ কিছু ভালো টুল।

হিরেন বুটসিডি ইমেজটি আপনার পেনড্রাইভ থেকেও ব্যবহার করতে পারেন। এর ব্যবহার পদ্ধতি হিরেন বুটের সাইট থেকে দেখে নিতে পারেন। যারা এ হিরেন বুটসিডি ব্যবহারের ক্ষেত্রে নতুন, তারা ব্যবহারের আগে ইন্টারনেট থেকে ব্যবহার পদ্ধতি জেনে নিন বা আপনার কমপিউটারে ভার্চুয়াল পিসি বা ভিএমওয়্যার ইনস্টল করে তাতে উইন্ডোজ ইনস্টল করুন এবং হিরেন বুটসিডি ব্যবহার করে দেখতে পারেন। আরো বিস্তারিত জানার জন্য ভিজিট করুন www.serversolution4u.com

ফিডব্যাক : rony446@yahoo.com